



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব পরীক্ষা ২০২০

বিষয়ঃ বাংলা (নানা রঙের ফুল ফল)

লেকচার শীট - ২

তারিখঃ ৩১/০৫/২০২০

- শিক্ষার্থীরা 'নানা রঙের ফুলফল' গল্পটির ২য় অংশ পড়বে ও বুঝবে।
- সংক্ষেপে গল্পের শেষ অংশঃ
 - # বেশি জন্মায় - কলা, কাঁঠাল, আনারস
 - # প্রচুর ফলে - আম, জাম, পেয়ারা, পেঁপে, বাঙ্গি, তরমুজ, লিচু, ডাব, ডালিম, বাতাবি লেবু, জামরুল, তাল, কমলা।
 - # কাঁচাতে সবুজ থাকে - আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি।
 - # পাকার পর হলুদ - আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি।
 - # ভেতরটা লাল - ডালিম, তরমুজ।
 - # ভেতরটা গোলাপি - পাকা বাতাবি লেবু।
 - # সাদা রং - জামরুল।
 - # কমলা রং - কমলার কোষ ও খোসা উভয়ই।
- শিক্ষার্থী মূলশব্দের অর্থ বুঝবে ও মূলশব্দগুলো লিখবে।

মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ

হরেক রকম - অনেক রকমের

বেশি হয়

প্রচুর ফলে - অনেক জন্মায়

গোলাপি রঙের

টুকটুকে লাল

খুব লাল

কোষ – কোয়া, কাঁঠাল বা কমলা লেবুর আলগা অংশ

উভয়ই – দুটোই

শিক্ষার্থীরা মূলশব্দ দিয়ে করা ছোট ছোট প্রশ্নের উত্তর দিবেঃ

- ১। কোন দেশে হরেক রকম ফল ফলে? উত্তরঃ বাংলাদেশে।
 - ২। বাংলাদেশে কোন কোন ফল বেশি হয়? উত্তরঃ কলা, কাঁঠাল, আনারস।
 - ৩। বাংলাদেশে প্রচুর ফলে কোন কোন ফল? উত্তরঃ আম, জাম, পেয়ারা, পেঁপে, বাঙ্গি, তরমুজ, লিচু।
 - ৪। আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি কাঁচা থাকতে কী রঙের হয়? উত্তরঃ সবুজ রঙের।
 - ৫। আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি পাকার পর কী রঙের হয়? উত্তরঃ হলুদ বা সোনালি রঙের।
 - ৬। পাকা বাতাবি লেবুর ভিতরটা কী রঙের হয়? উত্তরঃ হালকা গোলাপি রঙের।
 - ৭। ডালিম ও তরমুজের ভিতরটা কী রঙের হয়? উত্তরঃ লাল রঙের।
 - ৮। জামরুলের রং কী? উত্তরঃ সাদা ও অন্য রঙেরও হয়।
 - ৯। কোন ফলের কোষ ও খোসা উভয়ই কমলা রঙের হয়? উত্তরঃ কমলার।
 - ১০। আমাদের ফলগুলো কেমন? উত্তরঃ দেখতেও সুন্দর, খেতেও মজা।
- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

যুক্তবর্ণঃ

ঙ্গ = ঙ + গ – বাঙ্গি, বঙ্গ

ন্দ = ন + দ – সুন্দর, আনন্দ

প্র = প + র ফলা – প্রজাপতি, প্রতিদিন

ন্য = ন + য ফলা – অন্য, জন্য

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী